




রবি কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ খ্রি:



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নিয়ামতপুর, নওগাঁ।



নিয়ামতপুর উপজেলার কৃষি বিষয়ক তথ্যঃ

ভূমিকা

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর মাঠ পর্যায়ের কর্মকাণ্ডের সমন্বয়ের মূল কেন্দ্র বিন্দুই হলো সরেজমিন উইং এর অধীন উপজেলা কৃষি অফিস। নিয়ামতপুর উপজেলা নওগাঁ জেলার পশ্চিম দিকে অবস্থিত। উচু বরেন্দ্র ভূমি (এইজেড-২৬), সমতল বরেন্দ্র ভূমি (এইজেড-২৫) ও উচ্চ পদ্মা প্লাবনভূমি (এইজেড-১১) নিয়ে গঠিত। আধুনিক কৃষি কলাকৌশল প্রবর্তনের সাথে সাথে এই উপজেলার নিজস্ব খাদ্য চাহিদা পূরণের পাশাপাশি সারা দেশের খাদ্য চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এটি একটি খাদ্য উদ্বৃত্ত উপজেলা, প্রতি বছর প্রায় ১৫৭১০১ মেঃ টন খাদ্য উদ্বৃত্ত থাকে, যা দেশের বিভিন্ন এলাকায় সরবরাহ হয়ে থাকে। ক্রমহাসমান চাষযোগ্য জমি থেকে ক্রমবর্ধমান জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে উপজেলা কৃষি অফিস কৃষকের নিকট চাহিদা অনুযায়ী প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে বিগত তিন বছরে চাল, গম, ভূট্টা ও আলুসহ শাক-সবজীর উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বিভিন্ন ফসলের আধুনিক ও ঘাত সহিষ্ণু জাত, পানি সাশ্রয়ী প্রযুক্তি, সুষম মাত্রায় সার ব্যবহার, পার্চিং, আধুনিক চাষাবাদ, গুটি ইউরিয়ার ব্যবহার বৃদ্ধি, মানসম্পন্ন বীজ উৎপাদন ও সংরক্ষণ, মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও সবুজ সার তৈরী ও ব্যবহার বৃদ্ধি ইত্যাদি প্রযুক্তি সম্প্রসারণে সাফল্য অর্জিত হয়েছে।

চ্যালেঞ্জসমূহ :

- পানি সাশ্রয়ী ফসল চাষ
- ক্রমবর্ধমান জনগোষ্ঠীর বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণার্থে টেকসই ফসল উৎপাদন নিশ্চিতকরণ,
- জলবায়ুগত পরিবর্তন জনিত ঝুঁকি মোকাবেলা ও দুর্যোগপূর্ণ এলাকায় চাহিদা ভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ,
- জমির স্বাস্থ্য ও উর্বরতা শক্তি রক্ষার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি,
- ক্রপজোনিং, সেচ কার্যে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহার,
- সুষম মাত্রায় ও দক্ষভাবে সার সহ অন্যান্য উপকরণ ব্যবহার নিশ্চিতকরণ,
- খামার যান্ত্রিকীকরণ, দ্রুত ও সহজে প্রযুক্তি সম্প্রসারণে ই-কৃষি প্রবর্তন, গবেষণা- সম্প্রসারণ- কৃষক সমন্বয় সাধন শক্তিশালীকরণ, কৃষিতে নারীর সম্পৃক্তায়ন এবং দক্ষতা বৃদ্ধিকরণ,
- সম্প্রসারণ কর্মীর দক্ষতা উন্নয়ন এবং কৃষক/কৃষানীদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ ইত্যাদি।

ভবিষ্যৎ পরিকল্পনা :

মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা; পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ; জলবায়ুগত পরিবর্তনের কারণে বরেন্দ্র অঞ্চলে সম্ভাব্য দুর্যোগপ্রবণ এলাকার উপযোগী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ; সেচ কার্যে ভূ-উপরিস্থ ও বৃষ্টির পানির দক্ষ ব্যবহার; চাষী পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ; মানসম্পন্ন ও রফতানীযোগ্য ফল, সবজী চাষ এলাকা সম্প্রসারণ, বসতবাড়ির আঙ্গিনার কার্যকর ব্যবহার; শস্য বিন্যাসে ডাল, তেল, মসলা ও সবজিজাতীয় ফসল অন্তর্ভুক্ত করে ফসলের বহুমুখীতা এবং নিবিড়তা বৃদ্ধি; নিরাপদ খাদ্য উৎপাদন; সম্প্রসারণ কর্মীর প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা উন্নয়ন; কৃষক/কৃষানীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধিকরণ; দ্রুত প্রযুক্তি বিস্তারে ই-কৃষি প্রবর্তন; খামার যান্ত্রিকীকরণ; শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন।

২. এক নজরে উপজেলার কৃষি বিষয়ক তথ্যাবলী

সাধারণ তথ্যঃ	হেক্টর/সংখ্যা
উপজেলার মোট আয়তন (বর্গ কি.মি.)	৪৪৯
উপজেলার মোট আয়তন (হেক্টরে)	৪৪৯১২
উপ জেলার মোট ইউনিয়নের সংখ্যা	৮
উপ জেলার মোট ওয়ার্ডের সংখ্যা	৭২
উপ জেলার মোট ব্লকের সংখ্যা	২৪
উপ জেলার মোট মৌজার সংখ্যা	৩২১
উপ জেলার মোট গ্রামের সংখ্যা	৩৪১
জন সংখ্যা	২৪৯০০০
কৃষক পরিবারের সংখ্যাঃ	৬২৫৫০
➤ ভূমিহীন চাষী (৫ শতাংশের নীচে)	৬৭৬৪
➤ প্রালিঙ্ক চাষী (৫ শতাংশ থেকে ১৫০ শতাংশের নীচে)	১৩,৩৪৩
➤ ক্ষুদ্র চাষী (১৫০ শতাংশ থেকে ২৫০ শতাংশের নীচে)	২৫১৯৬
➤ মাঝারী চাষী (২৫০ শতাংশ থেকে ৭৫০ শতাংশ পর্যন্ত)	১৪৭৪২
➤ বড় চাষী (৭৫০ শতাংশের অধিক)	২৫০৫
AEZ-11	১১০৫
AEZ-25	১৩০৩৫
AEZ-26	১৯০৬০
ভূমির শ্রেণী বিন্যাস অনুযায়ী কৃষি জমির পরিমাণ (হেঃ)ঃ	
➤ উঁচু (বর্ষাকালে স্বাভাবিক বন্যায় প্রবিত হয় না)	২২০৫৯
➤ মাঝারী উঁচু (বর্ষাকালে স্বাভাবিক বন্যায় সর্বোচ্চ ৯০সেঃমিঃ)	৬৮৬৬
➤ মাঝারী নীচু (বর্ষাকালে স্বাভাবিক বন্যায় ৯০-১৮০সেঃ মিঃ)	৩৪০৯
➤ নীচু (বর্ষাকালে স্বাভাবিক বন্যায় ১৮০-২৭৫সেঃ মিঃ পর্যন্ত)	৮৬৬
➤ অতি নীচু (বর্ষাকালে স্বাভাবিক বন্যায় ২৭৫সেঃ মিঃ বা	০
নীট ফসলী জমি (প্রকৃত ফসলী জমির সমষ্টি)	৩৩১৭৫
➤ এক ফসলী জমি	১৫১৮
➤ দু'ফসলী জমি	১৪৩১২
➤ তিন ফসলী জমি	১৭৩৪৫
মোট ফসলী জমি (ব্যবহারের ভিত্তিতে ফসলী জমির সমষ্টি)	৮২১৭৭
ফসলের নিবিড়তা (%)	২৪৭
বিতরণকৃত কৃষি উপকরণ কার্ডের সংখ্যা	৩৭২৫০
১০ টাকার ব্যাংক একাউন্ট এর সংখ্যা	১৫১১০
খাদ্য পরিস্থিতিঃ	
জন সংখ্যা (প্রাক্কলিত)	২৭২৩৯০
খাদ্য প্রয়োজন (৪৪২গ্রাম/হেড/দিন মেঃটন)	৪৩৯৪৪
বীজ,গো-খাদ্য ও অপচয় মেঃটন (১১.৫৮% ধরে)	২৬৩৩০
মোট খাদ্য শস্য চাহিদা	৭০২৭৫
মোট খাদ্য শস্য উৎপাদন মেঃটন	২২৭৩৭৫
উদ্বৃত্ত(+) মেঃটন	১৫৭১০১
নার্সারীর সংখ্যা (টি)	৭
বীজ ডিলার/বিক্রেতা	২০ জন
কীটনাশক ডিলার/বিক্রেতা	২৯৮ জন
সার ডিলার বিসিআইসি	১১ জন
সার ডিলার বিএডিসি	২০ জন
খুচরা সার বিক্রেতা	২৪ জন

২.২.উপজেলার শস্য বিন্যাস সংক্রান্ত প্রতিবেদন

জেলা নাম	উপজেলার নাম	আপডেট ক্রপিং প্যাটার্ন	আপডেট ক্রপিং প্যাটার্নের অধীন জমির পরিমাণ (হে:)	মোট জমির শতকরা হার (%)	মন্তব্য
		বোরো- পতিত- রোপা আমন	১১৬৭২	৩৫.১৮৩১	
নওগাঁ	নিয়ামতপুর	বোরো- আউশ -রোপা আমন	৭৮৭০	২৩.৭২২৭	
		সরিষা-আউশ -রোপা আমন	২৭০	০.৮১৩৮৭	
		সরিষা+ বোরো- পতিত-রোপা আমন	৫২৮০	১৫.৯১৫৬	
		গম-আউশ -রোপা আমন	১৮৫০	৫.৫৭৬৪৯	
		গম-পতিত -রোপা আমন	৯৮০	২.৯৫৪০৩	
		আলু-আউশ -রোপা আমন	৯২৫	২.৭৮৮২৪	
		আলু-পতিত -রোপা আমন	২৪০	০.৭২৩৪৪	
		আলু- ভূট্টা- রোপা আমন	১৫	০.০৪৫২১	
		খেসারী- বোরো- রোপা আমন	৪৫	০.১৩৫৬৪	
		পেঁয়াজ- পতিত- রোপা আমন	৩০৫	০.৯১৯৩৭	
		সবজি- পতিত- রোপা আমন	৩৩৫	১.০০৯৮	
		রসুন- সবজি- রোপা আমন	১৩৫	০.৪০৬৯৩	
		মরিচ- সবজি- পতিত	১২০	০.৩৬১৭২	
		সবজি-কচু- আমন	৫০	০.১৫০৭২	
		ভূট্টা- আউশ- আমন	৩৫	০.১০৫৫	
		বোরো-পতিত- পতিত	৯০	০.২৭১২৯	
		সরিষা+ বোরো- পতিত-পতিত	৬০	০.১৮০৮৬	
		পতিত- পতিত- রোপা আমন	৪৪০	১.৩২৬৩	
		খেসারী - সবজি- রোপা আমন	৪৫	০.১৩৫৬৪	
		পতিত- মূগ- আম	২০	০.০৬০২৯	
		সরিষা- পতিত- আম	৬০	০.১৮০৮৬	
		পতিত- পতিত- আম	১৯০	০.৫৭২৭২	
		বোরো- পতিত- আম, আমন	৪০০	১.২০৫৭৩	
		পতিত- পতিত- আম, আমন	৩৯০	১.১৭৫৫৮	
		পেয়ারা- পেয়ারা- পেয়ারা	১২০	০.৩৬১৭২	
		মাল্টা- পতিত- পতিত	২০	০.০৬০২৯	
		কুল- লিচু- পতিত	২০	০.০৬০২৯	
		কুল- পতিত-আম	৫০	০.১৫০৭২	
		বাঁশ- বাঁশ- বাঁশ	৪১০	১.২৩৫৮৭	
		কলা- কলা- কলা	২৫	০.০৭৫৩৬	
		মাসকলাই- পতিত- আম	৩০	০.০৯০৪৩	
		আলু- ভূট্টা- রোপা আমন	১৫	০.০৪৫২১	
		মসুর- আউশ-রোপা আমন	২৫	০.০৭৫৩৬	
		পতিত- হলুদ- আম	২০	০.০৬০২৯	
		ড্রাগন- পতিত-পতিত	১০	০.০৩০১৪	
		সূর্যমুখী- সবজি- রোপা আমন	৬	০.০১৮০৯	
		চিনাবাদাম- সবজি- রোপা আমন	৪	০.০১২০৬	
		সবজি- সবজি-সবজি	৩৮৫	১.১৬০৫১	
		তাল-তাল-তাল	১২৫	০.৩৭৬৭৯	
		খেজুর- খেজুর-খেজুর	২০	০.০৬০২৯	
কাঁঠাল- কাঁঠাল- কাঁঠাল	৩০	০.০৯০৪৩			
নারিকেল- নারিকেল- নারিকেল	২০	০.০৬০২৯			
বেল- বেল- বেল	১২	০.০৩৬১৭			
বাতাবিলেবু- বাতাবিলেবু- বাতাবিলেবু	৬	০.০১৮০৯			
মোট=			৩৩১৭৫	১০০ %	

৩.১. উপজেলার ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমে উৎপাদিত বিভিন্ন শস্যের পরিসংখ্যান।

ক্রম	ফসলের নাম	ফসলের ধরণ	আবাদী জমি (হেঃ)	ফলন (হেঃ)	উৎপাদন (মে.টন)	মন্তব্য
১	বোরো ধান	হাইব্রিড	৩২০	৫.৬	১৭৯২	উৎপাদন চালে
		উফশী	২২৩৬৫	৪.৯৫	১১০৭০৭	
		মোট	২২৬৮৫	-	১১২৪৯৯	
২	গম	-	২৫৬০	৩.৯	৯৯৮৪	
৩	ভূট্টা	রবি	৩০	১২	৩৬০	
৪	আলু	উফশী	৮৪০	২০	১৬৮০০	
		স্থানীয়	৩৪০	১১	৩৭৪০	
		মোট	১১৮০	-	২০৫৪০	
৫	ডাল জাতীয় ফসল					
	মগুর	-	২২	১.৪	৩০.৮	
	মুগ	-	৫	১.২	৬	
	খেসারী	-	৪৫	১.৫	৬৭.৫	
	মোট ডাল ফসল	-				
৬	তেল জাতীয় ফসল					
	সরিষা		৫৫৫০	১.৭	৯৪৩৫	
	চিনাবাদাম	-	৪	২	৮	
	সূর্যমুখী		৭	১.৪	৯.৮	
	মোট তেল জাতীয়	-	৫৫৬১	-	৯৪৫২.৮	
৭	সবজী	-	৬৭০	২০	১৩৪০০	
৮	মসলা জাতীয় ফসল					
	পেঁয়াজ		৩১০	১২	৩৭২০	
	রসুন		৮০	১০	৮০০	
	মরিচ		৯৫	১.৯	১৮০.৫	
	ধনিয়া		৬	১.২	৭.২	
	মোট মসলা জাতীয়		৪৯১	-	৪৭০৭.৭	
৯	পান		.২৫	১২	৩	

৩.২. রবি/২০২৩-২৪ মৌসুমের ফসল উৎপাদন বৃদ্ধির কর্ম পরিকল্পনা

ক্রঃ নং	ফসলের নাম	গত বছর ২০২২-২৩ মৌসুমে আবাদ			২০২৩-২৪ মৌসুমে লক্ষ্যমাত্রা			মন্তব্য
		আবাদ (হেঃ)	ফলন (মেঃ টন)	উৎপাদন (মেঃ টন)	আবাদ (হেঃ)	ফলন (মেঃ টন)	উৎপাদন (মেঃ টন)	
১	বোরো	২২৬৮৫	৪.৯৫৯	১১২৪৯৯	২৩৪৮৫	৪.৯৫	১১৬২৫১	
২	গম	২৫৬০	৩.৯	৯৯৮৪	১৭৬০	৩.৯	২৪০৫	সেচ যন্ত্র বৃদ্ধি পাওয়ায় গমের আবাদ কমেছে
৩	আলু	১১৮০	১৭.৪০৭	২০৫৪০	১৫৪৫	১৮.৫০	২৮৫৮২.৫	
৪	ভুট্টা	৩০	১২	৩৬০	৩০	১২.৮৮	৩৮৬.৪	
৫	সবজি	৬৭০	২০	১৩৪০০	৬৭০	২০	১৩৪০০	
ডালজাতীয়								
১	মশুর	২২	১.৪	৩০.৮	২০	১.৪	২৮	
২	খেসারী	৪৫	১.৫	৬৭.৫	৩৫	১.৫	৫১	
৩	মুগ	৫	১.৫	৬	৫	১.৩	৬.৫	
মসলা জাতীয়								
১	পেঁয়াজ	৩১০	১২	৩৭২০	৩১০	১২	৩৭২০	
২	রসুন	৮০	১০	৮০০	৮৫	১০	৮৫০	
৩	মরিচ	৯৫	১.৯	১৮০.৫	১১০	১.৯	২০৯	
৪	ধনিয়া	৬	১.২	৭.২	১০	১.৩	১৩	
তেল জাতীয়								
১	সরিষা	৫৫৫০	১.৭	৯৪৩৫	৬২৯২	১.৭	১০৬৯৬.৪	
২	চিনাবাদাম	৪	২	৮	৬	২.০১	১২.০৬	
৩	সূর্যমুখী	৭	১.৪	৯.৮	১২	১.৫	১৮	
অন্যান্য								
১	পান	.২৫	১২	৩	.৫	১২	৬	

৩.৩. রবি/২০২৩-২৪ মৌসুমের বিভিন্ন ফসলের বীজের চাহিদা (মে:টন)

ক্রঃ নং	ফসল	আবাদের লক্ষ্যমাত্রা (হেক্টর)	কৃষি তাত্ত্বিক বীজের চাহিদা (মেঃ টন)	বীজ প্রাপ্তির সম্ভাব্য উৎস (মেঃ টন)					মন্তব্য
				বিএডিসি	ডিএইর বিভিন্ন প্রকল্প	কোম্পানী /এনজিও	কৃষকের নিজস্ব	মোট	
১	বোরো	২৩৪৮৫	৮৮০	২৭০	০.৫	৪২০	১৮৯.৫	৮৮০	
২	গম	১৭৬০	২৬৪	১৪৭	২	২০	৯৫	২৬৪	
৩	আলু	১৫৪৫	২৩১৭.৫	৫০০	০	৩৫০	১৪৬৭.৫	২৩১৭.৫	
৪	ভুট্টা	৩০	০.৪৫	০	০	০.৪৫		০.৪৫	
৫	সবজি	৬৭০	১০.০৫	২	০	৭	১.০৫	১০.০৫	
৬	মসুর	২০	০.৭৫	০.৩৫	০	০.২	০.২	০.৭৫	
৭	খেসারী	৩৫	১.৩১	০.৬৫	০	০.২	০.৪৬	১.৩১	
৮	মুগ	৫	০.১৫	০.০৫	০	০.০৬	০.০৪	০.১৫	
৯	পেঁয়াজ	৩১০	১.১৬	০.৪	০	০.৬	০.১৬	১.১৬	
১০	রসুন	৮৫	৫১	১	০		৫০	৫১	
১১	মরিচ	১১০	০.৪১	০	০	০.২	০.২১	০.৪১	
১২	ধনিয়া	১০	০.১১	০	০	০.০৫	০.০৬	০.১১	
১৩	সরিষা	৬২৯২	৭০.৮					০	
১৪	চিনাবাদাম	৬	০.৪৫	০.৪৫				০.৪৫	
১৫	সূর্যমুখী	১২	০.০৯			০.০৯		০.০৯	
১৬	পান	.৫						০	

৩.৪. রবি/২০২৩-২৪ মৌসুমে বিভিন্ন ফসলের সারের চাহিদা (মে:টন)

ক্রঃনং	ফসল	আবাদ (হেক্ট)	ইউরিয়া	টিএসপি	ডিএপি	এমওপি	জিপসাম	জিংক
১	বোরো	২৩৪৮৫	৫২৮০	৭১০	২৮২০	৩১৫০	২১১৯	১৭১
২	গম	১৭৬০	৩৩০	৫৪	২১১	১৯৯	১৫৭	১১
৩	আলু	১৫৪৫	৪০১	৩০৯	২৫৭	৪০১	১৫৫	১৩.৫
৪	ভুট্টা	৩০	৯১.৫	১.৫	৬	৬	৩	.০৩
৫	সবজি	৬৭০	১৪৩.৫	৩৮	১২৪	১১৫	৭৬.৫	৭.৭
৬	মসুর	২০	.৭৬	১	২	১	২.২৪	.০৫
৭	খেসারী	৩৫	১.৩৩	১.৭৫	৩.৫	১.৭৫	৩.৯২	.৮৮
৮	মুগ	৫	.১৯	.১০	.১৫	.১৮	.৩৮	-
৯	রসুন	৮৫	১৫.৮৮	৮	১২.৪	৫.১	১৫.৯০	.৫
১০	পেঁয়াজ	৩১০	৫৭.৯	২৯	৪৫.২২	১৮.৬	৫৮.১৭	১.৮
১১	ধনিয়া	১০	.৩৮	.২০	.৩০	.৩৬	.৭৬	.১০
১২	মরিচ	১১০	১৫.৬৭	৭	১৫	১২.৫৪	৬.৮২	.৩১
১৩	সরিষা	৬২৯২	১০২৫	৩৫০	৫০০	৪০২	৩৯০	১৭.৬
১৪	চিনাবাদাম	৬	.৩৮	.৫৫	.৮	.৬	.৯	.০১৬
১৫	সূর্যমুখী	১২	১.৭৬	.৮	১	১.৪৫	১.৪৫	.০৯
১৬	পান	.৫	.১০	.০২৮	.০৯	.০৯	.০৫	.০০৫

৩.৫. রবি/২০২৩-২৪ মৌসুমে সেচ প্রদানে সেচ যন্ত্র ব্যবহার

মোট সেচযন্ত্রের সংখ্যা									
গভীর			অগভীর			এলএলপি			সর্বমোট
বিদ্যুৎ	ডিজেল	মোট	বিদ্যুৎ	ডিজেল	মোট	বিদ্যুৎ	ডিজেল	মোট	
৮৩৪	০	৮৩৪	২০৭৯	১৫৬০	৩৬৩৯	০	০	০	৪৪৭৩

:

চালুকৃত সেচযন্ত্রের সংখ্যা									
গভীর			অগভীর			এলএলপি			সর্বমোট
বিদ্যুৎ	ডিজেল	মোট	বিদ্যুৎ	ডিজেল	মোট	বিদ্যুৎ	ডিজেল	মোট	
৮৩১	০	৮৩১	১৯১৯	১৫৬০	৩৪৭৯	০	০	০	৪৩১০

.

প্রতিষ্ঠান	রবি মৌসুমে সেচের আওতায় জমির পরিমাণ (হেক্ট)									সর্বমোট
	গভীর			অগভীর			এলএলপি			
	বিদ্যুৎ	ডিজেল	মোট	বিদ্যুৎ	ডিজেল	মোট	বিদ্যুৎ	ডিজেল	মোট	
মোট	১৮২৮০	০	১৮২৮০	১১৪৬০	১১৫০	৩০৮৯০	০	০	০	৩০৮৯০

- রবি মৌসুমে ধানের উৎপাদন যাতে বিঘ্নিত না হয় সেজন্য উল্লিখিত সকল সেচ যন্ত্রগুলো চালু রেখে কৃষকগণকে বোরো ক্ষেত্রে সেচ প্রদানের বিষয়ে উদ্বুদ্ধ করা

৩.৬. রবি/২০২৩-২৪ মৌসুমে পরিকল্পনা বাস্তবায়নে সমস্যা ও সম্ভাব্য সমাধানের সুপারিশ

ক্রঃ নং	সমস্যা	সমাধানের সুপারিশ	মন্তব্য
১	বোরো ফসলে বাদামী গাছ ফড়িংয়ের আক্রমণ	১। চারা উত্তোলনের পূর্বে বীজতলায় কীটনাশক প্রয়োগ। ২। লাইন লোগো পদ্ধতিতে সঠিক দূরত্বে চারা রোপন। ৩। সুষম মাত্রায় সার প্রয়োগ ও অতিরিক্ত ইউরিয়া সার ব্যবহার পরিহার। ৪। প্রত্যেক ব্লকে পিপি স্কোয়াড গঠন ও নিয়মিত আলোক ফাঁদ স্থাপন। ৫। হাট বাজারে ঢোল সহরত এর মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি। ৬। লিফলেট তৈরী ও বিতরণ এবং কৃষক গ্রুপ মিটিং। ৭। আক্রমণের অনুকূল পরিবেশ সৃষ্টি হলে মাইকিং এর মাধ্যমে প্রচার। মসজিদ, মন্দির, গীর্জা, ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, কৃষক প্রশিক্ষণ, মাঠ দিবস ও সকল ধরনের দলীয় ফোরামে আলোচনা।	
২	খরা	১। সকল সেচ যন্ত্র সচল রেখে প্রয়োজনীয় সেচ প্রদানের ব্যবস্থা করা। ২। জমির আইল মজবুত করে বৃষ্টির পানি ধরে রাখার জন্য কৃষকদের সচেতন করা। ৩। দূরের জমিতে আগে পানি দেয়া ও রাতে সেচ যন্ত্র পরিচালনার বিষয়ে কৃষকদের উদ্বুদ্ধ করা। ৪। ফিতা পাইপের সাহায্যে পানি সাশ্রয়ী পদ্ধতিতে সেচ প্রদানে চাষীদের উৎসাহিত করণ।	
৩	মান সম্মত বিএডিসির বীজ অপ্রতুল	১। মাঠমান ও বীজমান সুনিশ্চিত করতে হবে। ২। বিজাতমুক্ত সঠিকমানের বীজ সরবরাহ নিশ্চিতকরণ। ৩। অঙ্কুরোদগম পরীক্ষা করে অঙ্কুরোদগমমান নিশ্চিত করে বাজার জাত করতে হবে।	
৪	প্রাকৃতিক দুর্যোগ	১। ৮০% ধান পাকলেই কর্তন করতে হবে। ২। গমের ক্ষেত্রে হালকা সেচ দিতে হবে বৃষ্টি হলে ফসল নষ্ট হতে পারে। ৩। বন্যা কবলিত এলাকায় বন্যা সহনশীল ও আগাম সল্প জীবনকাল সম্পন্ন জাত ব্যবহার করতে হবে। ৪। খরা প্রবণ এলাকায় খরা সহনশীল জাত ব্যবহার করতে হবে।	

৩.৭. রবি/২০২২-২৩ মৌসুমে উপজেলার বিশেষ কার্যক্রম

ক্রঃ নং	কার্যক্রম	ব্লক প্রতি লক্ষ্যমাত্রা	উপজেলার লক্ষ্যমাত্রা	মন্তব্য	
১	জৈব সার উৎপাদন	কম্পোস্ট	২০ টি	৪৮০ টি	
		ভার্মি কম্পোস্ট	৫	১২০ টি	
		খামারজাত সার	৫০	১২০০ টি	
২	সবজি ফসলে (বেগুন ও কুমড়া জাতীয়) ফেরোমন ফাঁদ ব্যবহার	মোট জমির ৫%	৩৫ হেঃ		
৩	বসতবাড়ীতে সবজি ও ফল চাষ	২০ টি বাড়ীতে	৪৮০ টি বাড়ী		
৪	আর্দশ বীজতলা	৩০%	৩০%		
৫	লাইনে রোপন	৬০%	৬০%		
৬	পাচিং	১০০%	১০০%		
৭	সুষম সার	৮০%	৮০%		
৮	সঠিক বয়সের চারা রোপন	৮০%	৮০%		
৯	আলোক ফাঁদ	০৫টি	১২০টি		
১০	জৈব পদার্থ ব্যবহার	১০%	১০%		

কৃষির উন্নয়ন ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে নিরাপদ খাদ্য উৎপাদন অব্যাহত রাখার লক্ষ্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভিশন ও মিশন বাস্তবায়ন এবং এসডিজি এর লক্ষ্যমাত্রা অর্জনে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে কৃষিমন্ত্রীর নির্দেশনায় কৃষির আধুনিকায়ন বর্তমান সময়ের একটি চ্যালেঞ্জ। খাদ্য নিরাপত্তা নিশ্চিত নিয়ামতপুর উপজেলার কৃষি জাতীয় উৎপাদনে অগ্রনী ভূমিকা রেখে চলেছে। মুজিব বর্ষের অঙ্গীকার প্রধানমন্ত্রীর প্রতি ইপিও আবাদী জমি চাষের আওতায় আনার নির্দেশনা বাস্তবায়নে উপজেলা কৃষি অফিস নিয়ামতপুর নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

মো:কামরুল হাসান
উপজেলা কৃষি অফিসার
নিয়ামতপুর, নওগাঁ।